www.kidworship.kr

# শিরোনাম: শেষ ভোজ

## The Last Supper



129Page

**নার** খামিহীন রম্নটির পর্ব যাকে উদ্ধারপর্ব বলা হয়, যা ঘনিয়ে আসছিল| উদ্ধারপর্ব যা মিসরের দাসত্ব থেকে ইস্রায়েল জাতির মুক্তি ও স্বাধীনতার প্রতীক| ইস্রায়েলীদের জন্য, উদ্ধারপর্ব ছিল অত্য~ন্ত আনন্দের একটি উৎসব যা সকলকেই পালন করতে হত| যীশু জানতেন যে পৃথিবীতে তাঁর সময় শেষ হয়ে আসছে এবং শীঘ্রই তাকে স্বর্গে চলে যেতে হবে| সুতরাং উদ্ধারপর্বের আগের দিন শেষ ভোজের জন্য তিনি তাঁর শিষ্যদেরকে ডাকলেন|

---



130Page

**নার** যখন শিষ্যরা খাবারে টেবিলে বসলেন, যীশু শিষ্যদের পা ধুয়ে দিতে আরম্ভ করলেন| এতে শিষ্যরা খুব দুঃখিত হলেন|

**শিষ্য** প্রভু, আপনি কিভাবে আমাদের পা ধুয়ে দিবেন? না এটা হতে পারে না|

**নার** যদিও শিষ্যরা রাজী ছিলেন না, তবুও যীশু একে একে তাদের পা ধুয়ে দিতে শুরম্ন করলেন| শিষ্যরা বুঝতে পারছিলেন না কি করতে হবে, শেষে, যীশু পিতরের পা ধুয়ে দিতে আসলেন|

**পিতর** প্রভু, আপনি কি একজন দাসের মত আমার পা ধুয়ে দিবেন? না, আপনি কখনোই আমার পা ধুয়ে দেবেন না|

**যীশু** যদি আমি তোমাকে ধুয়ে না দিই, তবে আমার সঙ্গে তোমার কোন সম্প র্ক নেই|

**পিতর** প্রভু, তাহলে কেবল আমার পা নয় কিন্তু আমার হাত ও মাথাও ধুয়ে দিন|

**নার** তারপর পিতর তার হৃদয় পরিবর্তন করল এবং তাকে ধুয়ে দেওয়ার জন্য যীশুকে বলল|

---



131Page

**নার** সকল শিষ্যদের পা ধুয়ে দেওয়ার পর যীশু টেবিলে বসলেন এবং শিষ্যদের বললেন|

**যীশু** আমি যেমন প্রভু ও গুরম্ন হয়ে তোমাদের পা ধুয়ে দিলান তেমনি তোমাদেরও অন্যদের পা ধুইয়ে দিতে হবে| আমি তোমাদের এই উদাহরণ দেখালাম যেন তোমরাও তেমন অন্যদের প্রতি কর|

**নার** শিষ্যরা যীশুর কথা তাদের অ~ন্তরে গেঁথে রাখল| তারপর যীশু রম্নটি হাতে নিলেন এবং ঈশ্বরকে ধন্যবাদ দিয়ে তা ভাঙলেন ও শিষ্যদেরকে দিলেন|



132Page

**যীশু** এই আমার দেহ তোমাদের দিলাম; আমার স্মরণার্থে তা

**নার** একইভাবে, তিনি পান পাত্র হাতে নিলে, ঈশ্বরেক ধন্যবাদ দিয়ে তা শিষ্যদের দিলেন|

**যীশু** এই আমার রক্ত, যা মানুষের জন্য ঈশ্বরের নতুন ব্যবস্থা, যা কিনা মানুষের পাপের ড়্গমার জন্য দেওয়া হবে; আমার স্মরণার্থে ইহা করিও|


133Page

নার — তারপর যীশু শিষ্যদের বললেন।

যীশু — তোমাদের মধ্যে একজন আমার সাথে বিশ্বাসঘাতকা করবে।

নার — যীশু ইস্কুতিয় যিহুদার কথা বলছিলেন। শিষ্যটি দুঃখ পেল। যীশু বলতে লাগল

যীশু — আমার মৃত্যু ঈশ্বরের ইচ্ছা; কিন্তু হায় ধিক সেই ব্যক্তিকে যে আমার সাথে বিশ্বাঘাতকা করবে! তার জন্মগ্রহণ না করায় তার পড়ো ভাল ছিল।

নার — শিষ্যরা ভীত হয়ে যীশুকে জিজ্ঞাসা করল।

শিষ্যরা — প্রভু, সেই কি আমি?

যীশু — এটা সেই যাকে আমি রুটির টুকরা দিব।

নার — তারপর তিনি তা ইস্কুতিয় যিহুদাকে দিলেন। যীশু যিহুদাকে বললেন।

যীশু — তুমি যা করতে চাও, তা তাড়াতাড়ি কর!

নার — যীশু যেই মুহুর্তে তাকে বললেন, যিহুদা বিবেকের তাড়নায় সেই মুহুর্তে তাড়াতাড়ি টেবিল ছেড়ে চলে গেল। অন্য শিষ্যরা জানত না যে যিহুদা কি পরিকল্পনা করতেছিল।

---


134Page

নার — রাতের খাবারের পর, যীশু শিষ্যদের বললেন।

যীশু — যদিও এখন পর্যন্ত তোমরা আমাকে অনুসরণ করছ, শীঘ্রই, তোমরা ভয়ে আমার সাথে বিশ্বাঘাতকা করবে।

পিতর — প্রভু, যদি কেউ তোমার সাথে বিশ্বাঘাতকা করলেও আমি তা করব না। প্রভু, আমি কখনো আপনার সাথে বিশ্বাঘাতকা করব না।

নার — বারোজন শিষ্যদের মধ্যে, পিতরকে যীশু সবচেয়ে বেশী ভালবাসতেন।

যীশু — পিতর, আমি তোমাকে সত্যি বলছি, আজ রাত্রে, মোরগ ডাকার পূর্বে তুমি আমাকে তিনবার অস্বীকার করবে।

নার — পিতর রেগে বললেন।

পিতর — যদি আমাকে আপনার সাথে মরতেও হয়, তবুও আমি আপনাকে অস্বীকার করব না!

নার — যীশু তার শিষ্যদের বললেন।

যীশু — আমি যেখানে যাচ্ছি তুমি আমাকে সেখানে অনুসরণ করতে পারবে না কিন্তু তুমি আমাকে পরে অনুসরণ করবে। আমি তোমাদের জন্য জায়গা প্রস্তুত করতে স্বর্গে যাচ্ছি। আমি তোমাদের নিতে ফিরে আসব যাতে তোমরা আমার সাথে থাকতে পার। যীশু তার শিষ্যদের কাছে প্রতিজ্ঞা করলেন যে সে তাদের জন্য ফিরে আসবে এবং তাদের সাথে শেষ ভোজ উপভোগ করলেন।

---


135Page

নার — এই দিনে যীশুর শেষ ভোজকে স্মরণার্থে শিষ্যরা রুটি ও দ্রাক্ষারস সহ-ভাগিতা করে। এটাকে নৈশ্য ভোজের উৎসব বলা হয়'। নৈশ্য ভোজের উৎসব দ্বারা আমাদের পাপের জন্য যীশুর ক্রুশে মৃত্যুবরণকে স্মরণ করি এবং আমরা তাকে ধন্যবাদ দেই।